



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৪ সেপ্টেম্বর ২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

মানবাধিকার সংগঠক আদিলুর রহমান খানের মুক্তি দাবি

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর সভাপতি প্রসিত বিকাশ খীসা ও সাধারণ সম্পাদক রবি শংকর চাকমা আজ ১৪ সেপ্টেম্বর ২০২৩, বৃহস্পতিবার এক যুক্ত বিবৃতিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইনের বিতর্কিত ৫৭ ধারায় মানবাধিকার সংস্থা অধিকারের সম্পাদক এডভোকেট আদিলুর রহমান খান ও পরিচালক এ এস এম নাসির উদ্দীনকে কারাদণ্ডদেশের পর গ্রেফতারের নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

তারা বলেন, দেশের একটি নেতৃস্থানীয় মানবাধিকার সংগঠনের স্বনামধন্য সংগঠককে বিতর্কিত আইনে সাজা দেয়ার পর উচ্চ আদালতে আপিলের সুযোগ দেয়ার পূর্বে গ্রেফতার করা মানবাধিকার ও ন্যায়বিচারের পরিপন্থি।

নেতৃবৃন্দ অবিলম্বে উক্ত দুই অধিকার কর্মীকে নিঃশর্ত মুক্তি প্রদান, তাদের বিরুদ্ধে দায়েরকৃত হয়রানিমূলক মামলা প্রত্যাহার এবং আইসিটির বিতর্কিত ধারাসহ সকল কালাকানুন বাতিলের দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।